

তেরখাদা উপজেলা আইন শৃঙ্খলা কমিটির ফেব্রুয়ারি-২০১৫ মাসে অনুষ্ঠিত সভার কার্যবিবরণী

সভাপতি ও মোঃ আহাদুজ্জামান
উপজেলা নির্বাহী অফিসার
তেরখাদা, খুলনা।

সভার তারিখ ও সময় : ২৬/২/২০১৫ খ্রিঃ, সকাল ১১.০০ ঘটিকা

স্থান : উপজেলা পরিষদ মিলনায়তন, তেরখাদা, খুলনা

সভায় উপস্থিত সদস্যবৃন্দঃ পরিশিষ্ট - ক
অনুপস্থিত সদস্যবৃন্দঃ পরিশিষ্ট - খ

সভার শুরুতে উপস্থিত সম্মানিত সদস্যদের স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করা হয়। জানুয়ারি/ ২০১৫ মাসে অনুষ্ঠিত সভার কার্যবিবরণী পাঠ করে জানানো হয় এবং তা কোন প্রকার সংশোধনী না থাকায় দৃঢ়করণ করা হয়।

অতঃপর সভাপতি ও উপজেলা নির্বাহী অফিসার সার্বিক আইন-শৃঙ্খলা পরিস্থিতি নিয়ে ধারাবাহিক আলোচনা করার জন্য সকল সদস্যকে আহবান জানান। এ সময় অফিসার-ইন-চার্জ, তেরখাদা থানা বিগত ২ মাসের অপরাধচিত্র সভায় পেশ করেন যা নিম্নরূপঃ

তেরখাদার জানুয়ারি-ফেব্রুয়ারি/১৫ মাসের অপরাধ চিত্র

অপরাধ	জানুয়ারি	ফেব্রুয়ারি	মোট
রাহাজানি	-	-	-
চুরি	-	০১	০১
খুন	-	-	-
দাংগা	-	-	-
দাংগাসহ খুন	-	-	-
অস্ত্র আইন	০১	-	০১
অস্ত্র উদ্ধার	-	-	-
ধর্ষণ	-	-	-
ছিনতাই	-	-	-
দস্যুতা	-	-	-
অপহরণ	-	-	-
নারী ও শিশু নির্যাতন	০১	-	০১
মাদক দ্রব্য	০১	-	০১
জুয়া	-	-	-
অন্যান্য	০৪	০৭	১১
মোট	০৭	০৮	১৫

এ বিষয়ে সজাগ দৃষ্টি রাখার জন্য তাঁকে অনুরোধ করা হয়।